# কাপিষ্টা এস কে ইউ এস লিমিটেড-এর উদ্যোগে
# আন্তর্জাতিক যোগ দিবস উদযাপন প্রতিবেদন

**সময়ঃ:** সকাল ০৬:৩০
**তারিখঃ** ২১/০৬/২০২৬
**স্থানঃ** সমবায় প্রাঙ্গান (নুতন ভবন)

-----------------------------------------------------------------------------------------------

কাপিষ্টা এস. কে. ইউ. এস. লিমিটেড-এর উদ্যোগে সারা দেশের সঙ্গে সামঞ্জস্য রেখে ২১ জুন ২০২৬ তারিখে আন্তর্জাতিক যোগ দিবস (International Day of Yoga) যথাযোগ্য মর্যাদা ও উৎসাহের সঙ্গে পালন করা হয়। এ উপলক্ষে সকাল ৬:৩০ মিনিটে সমিতি প্রাঙ্গণে এক যোগাভ্যাস কর্মসূচির আয়োজন করা হয়।




অনুষ্ঠানে উপস্থিত সকলকে যোগব্যায়ামের গুরুত্ব, সুস্থ জীবনযাপন, শারীরিক সক্ষমতা বৃদ্ধি এবং মানসিক প্রশান্তি অর্জনে নিয়মিত যোগচর্চার উপকারিতা সম্পর্কে অবহিত করা হয়। পরবর্তীতে অভিজ্ঞ ব্যক্তিদের তত্ত্বাবধানে বিভিন্ন যোগাসন ও প্রণায়াম অনুশীলন করা হয়।




উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সমিতির সম্পাদক জনাব **আলি ইমাম খান**, প্রাক্তন সভাপতি জনাব **গোলাম সারওয়ার**, পরিচালক জনাব **ফিস্তার আলী খান**, ম্যানেজার জনাব **নাসিরুল হক**।

---

এছাড়াও সদস্যদের মধ্যে জনাব **মামুন মিদ্যা**, জনাব **ফারদিল মিদ্যা**, জনাব **তারিফ খান**-সহ অন্যান্য সদস্য ও শুভানুধ্যায়ীগণ উপস্থিত ছিলেন।




অনুষ্ঠানে মোট **২৫ জন অংশগ্রহণকারী** অত্যন্ত উৎসাহ ও শৃঙ্খলার সঙ্গে যোগাভ্যাসে অংশগ্রহণ করেন। অংশগ্রহণকারীরা নিয়মিত যোগচর্চার মাধ্যমে সুস্থ ও কর্মক্ষম জীবন গঠনের অঙ্গীকার ব্যক্ত করেন।


1


2






সমগ্র অনুষ্ঠানটি সুষ্ঠু ও সফলভাবে সম্পন্ন হয় এবং উপস্থিত সকলের সক্রিয় অংশগ্রহণে আন্তর্জাতিক যোগ দিবস উদযাপন বিশেষ তাৎপর্য লাভ করে।